



২০২৬ সেশনে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

২১-০৯-২০২৫

মৌমাছি স্কুলের ২০২৬ শিক্ষাবর্ষে বেবি বী, বেসিক-১, বেসিক-২, বেসিক-৩, এবং ১ম থেকে ৬ষ্ঠ শ্রেণিতে শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম আগামী ০১ নভেম্বর ২০২৫ থেকে শুরু হয়ে ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত চলমান থাকবে। ২০২৬ শিক্ষাবর্ষের জন্য প্রতি শ্রেণির ভর্তির নিয়মাবলী, তারিখ, শিশুর বয়স, ভর্তি ফি এবং টিউশন ফি নিম্নে উল্লেখ করা হলো -

১. ভর্তি সংক্রান্ত নিয়মাবলী :

ক) পুনঃভর্তি: চলমান বছরে (২০২৫) অধ্যয়নরত শিশুদের (বেবি বী থেকে প্রাইমারি-২ পর্যন্ত) পুনঃভর্তির জন্য আগামী ০১ অক্টোবর ২০২৫ তারিখ থেকে ৩০ অক্টোবর ২০২৫ তারিখ এর মধ্যে ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের লিংক- www.moumachischool.com/admission-information অথবা অপর পাতার QR Code Scan করুন। অনলাইনে আবেদনের প্রেক্ষিতে ০১ নভেম্বর থেকে ১৬ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে পুনঃভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য সম্মানিত অভিভাবকবৃন্দকে বিনীত অনুরোধ জানাচ্ছি।

খ) পুনঃভর্তির ক্ষেত্রে নির্দিষ্ট তারিখের মধ্যে ভর্তি না করলে অপেক্ষামান তালিকায় থাকতে হবে। কাজিখত শ্রেণিতে আসন শূন্য না থাকলে ভর্তির সুযোগ থাকবে না।

গ) নতুন ভর্তি: বেবি বী শ্রেণি থেকে ২য় শ্রেণি পর্যন্ত নতুন ভর্তির জন্য আগামী ০১ অক্টোবর ২০২৫ তারিখ থেকে ৩০ অক্টোবর ২০২৫ তারিখ এর মধ্যে ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে হবে। আবেদন জমা হওয়ার পর সাক্ষাতকারের তারিখ ও সময় মোবাইলের মাধ্যমে জানানো হবে। আবেদন সমূহের ক্রম অনুসারে সাক্ষাতকার এর মাধ্যমে ভর্তির জন্য ভর্তি ফরম দেওয়া হবে এবং অফিস প্রদত্ত নির্দিষ্ট তারিখের মধ্যে ভর্তি ফি ও সেশন ফি জমা দেওয়ার মাধ্যমে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ঘ) নতুন ভর্তির জন্য শূন্য আসনে আগামী ০১ নভেম্বর ২০২৫ তারিখ থেকে ফরম বিতরণ ও ভর্তি কার্যক্রম শুরু হয়ে ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত চলবে (শ্রেণিতে আসন শূন্য থাকা সাপেক্ষে)।

ঙ) ৩য় শ্রেণি থেকে ৬ষ্ঠ শ্রেণি পর্যন্ত ভর্তির ক্ষেত্রে আগামী ০৬ ডিসেম্বর ২০২৫ তারিখ থেকে ভর্তি কার্যক্রম শুরু করা হবে।

২. শিশুর বয়স:

বেবি বী	= ২.৫ বছর থেকে ৩.৫ বছর পর্যন্ত
বেসিক-১	= (৪ +) বছর
বেসিক-২	= (৫ +) বছর
বেসিক-৩	= (৬ +) বছর
১ম শ্রেণি	= (৭ +) বছর

৩. টিউশন ফি (প্রতি মাসে):

বেবি বী	= ২,০০০/-
বেসিক-১	= ১,৮০০/-
বেসিক-২	= ১,৬০০/-
বেসিক-৩	= ১,৬০০/-
১ম শ্রেণি থেকে ৬ষ্ঠ শ্রেণি পর্যন্ত	= ১,৫০০/-

৪. ভর্তি ফি ও সেশন চার্জ :

পুনঃভর্তি :- (সকল শ্রেণি) - ভর্তি ফি = ০০/-	ও সেশন চার্জ = ১৪,০০০/-	মোট = ১৪,০০০/-
নতুন ভর্তি :- (সকল শ্রেণি) - ভর্তি ফি = ৪,০০০/-	ও সেশন চার্জ = ১৪,০০০/-	মোট = ১৮,০০০/-

(সেশন চার্জ এর মধ্যে অন্তর্ভুক্ত বিষয় সমূহ- ID Card, IT Fee, Sports Fee, Study Tour Fee, Day Celebration Fee, Evaluation Fee, Toys Fee, Development Fee, Cultural Program Fee, Art Exhibition, Science Exhibition, Tree Plantation, Cooking Class Fee, Camp Fee)

৫. ভর্তি ফরম মূল্য = ২০০/-

৬. ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় কাগজ-পত্র:

- * শিশুর জন্মানিবন্ধন পত্র/পাসপোর্ট/শিশুর জন্মতারিখ সংক্রান্ত যেকোন তথ্যপত্র - ফটোকপি-১ টি (নতুন ভর্তি এর ক্ষেত্রে)।
- * শিশুর ছবি - পাসপোর্ট সাইজ- ৪টি এবং স্ট্যাম্প সাইজ- ২টি (সদ্য তোলা ও ল্যাব প্রিন্ট)।
- * মা ও বাবা এর ছবি ও তথ্য - পাসপোর্ট সাইজ ছবি ১টি, জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্টের ফটোকপি-১ টি (সকল ভর্তি)।
- * ৩য় অভিভাবক ও শিশুকে গ্রহণকারীর ছবি ও তথ্য - পাসপোর্ট সাইজ ছবি ১টি/জাতীয় পরিচয় পত্রের ফটোকপি-১টি (সকল ভর্তি)।
- ** ভর্তির পর ১৬ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে এককালীন 'শিক্ষা উপকরণ মূল্য' ও 'বইয়ের মূল্য' পরিশোধ করতে হবে।

এস. এম. মাসুম বিল্লাহ
পরিচালক
মৌমাছি স্কুল, যশোর।